জাতীয় বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮

(মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে ২০১৪/২০১৫ সালের মাধ্যমিক/সমমান এবং ২০১৬/২০১৭ সালের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)

ভর্তি বিষয়ক ওয়েবসাইট

(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

সাধারণ নির্দেশনা

- ১৭ জানুয়ারি ২০১৮ তারিখ থেকে ০৩ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট **website** (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এ ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত কলেজে ০৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ থেকে শুরু হবে।
- ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের বিধি জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) **Prospectus** অপশনে গিয়ে **Professional** লিংকে ক্লিক করতে হবে।
- ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি কার্যক্রমে প্রার্থীদের শুধুমাত্র **SSC** ও **HSC** পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে কোর্স বরাদ্দ দেয়া হবে।
- ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও মেধা তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। **SMS** (nu<space>athp<space>roll no টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে প্রার্থী শুধুমাত্র ভর্তির মেধা তালিকায় স্থান পেয়েছে কিনা তা জানতে পারবে।
- প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- একই শিক্ষাবর্ষে কোন প্রার্থী দ্বৈত ভর্তি হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে। এছাড়াও স্নাতক পর্যায়ে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সসমূহে ভর্তির সাধারণ শর্তাবলী

ক্রমিক নং	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার নাম	পাসের সন	শিক্ষা বোর্ড/ বিশ্ববিদ্যালয়	উত্তীর্ণ পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা (৪র্থ বিষয়সহ)
ক)	এস.এস.সি. (সকল শাখা)	২০১৪/২০১৫	বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	জি.পি.এ. ২.৫
খ)	এইচ.এস.সি. (সকল শাখা) (বি.এফ.এ. প্রি ডিগ্রী শুধুমাত্র BFA কোর্সে ভর্তির জন্য প্রযোজ্য হবে) * <u>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ</u> ১। এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) ৩। ডিপ্লোমা-ইন-কমার্স	২০১৬/২০১৭		

► ২০১৪/২০১৫ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৬/২০১৭ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে তবে এ ধরণের প্রার্থীদের ভর্তি নির্দেশিকার অন্যান্য সকল শর্ত পূরণ করতে হবে। <u>এ সকল প্রার্থীকে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়ে সরাসরি যোগাযোগ করে আবেদন পত্র জমা দিতে হবে</u>।

► বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে **বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক** তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। <u>**বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে**</u>। <u>এ সকল প্রার্থীকে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়ে সরাসরি যোগাযোগ করে আবেদন পত্র জমা দিতে হবে</u>।

► আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক শাখার আবেদন ফরম পূরণ করবে।

২। ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তির ন্যূনতম যোগ্যতা ও নির্বাচিত কোর্সসমূহ

ক্রমিক নং	ভর্তিচ্ছু কোর্স	নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে	উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে)
১।	**Bachelor of Business Administration (BBA)**	১। হিসাববিজ্ঞান (Accounting) ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management) ৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance) ৪। উৎপাদন ব্যাবস্থাপনা ও বিপণন (Production Mangement & Marketing) ৫। অর্থনীতি (Economics) ৬। পরিসংখ্যান (Statistics) ৭। উচ্চতর গণিত (Higher Mathematics)	মানবিক শাখা → ১৫% বিজ্ঞান শাখা → ১৫% ব্যবসায় শিক্ষা শাখা → ৭০% ► **মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে।**
২।	**Bachelor of Education (BEd)**	১। বাংলা (Bangla) ২। ইংরেজি (English)	মানবিক শাখা → ৪০% বিজ্ঞান শাখা → ২০ % ব্যবসায় শিক্ষা শাখা → ৪০% ► **মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত**
৩।	**Apparel Manufacture and Technology (AMT)**	১। গার্হস্থ্য অর্থনীতি (Home Economics) ২। গার্হস্থ্য বিজ্ঞান (Home Science) ৩। ব্যবহারিক শিল্পকলা এবং বস্ত্র ও পোশাক শিল্প (Applied Art & Clothing & Textile) ৪। সমাজবিজ্ঞান (Sociology)	
৪।	**Fashion Design and Technology (FDT)**		

৫।	**Knitwear Manufacture and Technology (KMT)**	৫। সমাজকল্যাণ (Social Welfare) ৬। অর্থনীতি (Economics) ৭। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance) ৮। হিসাববিজ্ঞান (Accounting) ৯। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management) ১০। পরিসংখ্যান (Statistics) ১১। উচ্চতর গণিত (Higher Mathematics) ১২। পদার্থবিজ্ঞান (Physics) ১৩। রসায়ন (Chemistry) ১৪। জীববিজ্ঞান (Biology)	**করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে।**
৬।	**Computer Science and Engineering (CSE)**	১। পদার্থবিজ্ঞান (Physics) ২। রসায়ন (Chemistry) ৩। উচ্চতর গণিত (Higher Mathematics)	বিজ্ঞান শাখা → ১০০%
৭।	**Electronics and Communication Engineering (ECE)**		
৮।	**Bachelor of Fine Arts (BFA)**	১। বি.এফ.এ প্রি ডিগ্রী	বি.এফ.এ প্রি ডিগ্রী → ১০০%
৯।	**Tourism and Hospitality Management (THM)**	১। বাংলা (Bangla) ২। ইংরেজি (English)	▶ উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বন্টন করা হবে।
১০।	**Theatre and Media Studies (TMS)**		
১১।	**BBA in Aviation Management**	১। হিসাববিজ্ঞান (Accounting) ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management) ৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance) ৪। উৎপাদন ব্যাবস্থাপনা ও বিপণন (Production Mangement & Marketing) ৫। অর্থনীতি (Economics) ৬। পরিসংখ্যান (Statistics) ৭। উচ্চতর গণিত (Higher Mathematics)	মানবিক শাখা → ১৫% বিজ্ঞান শাখা → ১৫% ব্যবসায় শিক্ষা শাখা → ৭০% **▶ মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে।**
১২।	**BSc in Aeronautical and Aviation Science**	১। উচ্চতর গণিত (Higher Mathematics) ২। পদার্থবিজ্ঞান (Physics)	বিজ্ঞান শাখা → ১০০%

৩। Online এ প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

ফরম পূরণের ধাপসমূহ	করণীয়
লগইন (Login)	আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইটে **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** Professional Tab-এ গিয়ে Apply Now (Hons. Professional) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ	এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক তথ্যটি এন্ট্রি দিতে হবে।
কলেজ পছন্দ	আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের অধিভুক্ত কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে।
কোর্স পছন্দক্রম	ওয়েবসাইটের তথ্য ছক থেকে পছন্দ অনুযায়ী একটি কলেজ Select করলে আবেদনকারী সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে এবং এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সংগে তার প্রার্থিত কোর্সের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে কোর্স বরাদ্দ দেয়া হবে।
কোটা	মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। **কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে**। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে।

ছবি সংযোজন	প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে। **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**
ফরম চূড়ান্তকরণ	সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।
আবেদন ফরম বাতিলকরণ/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন	আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার **প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন** করতে ইচ্ছুক হলে তাকে **Professinal Applicant Login** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী Form Cancel/Photo Change Option এ গিয়ে **Click to Generate OTP** অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। **এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে**। তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী আবেদন ফরম বাতিল/ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে**।
সংশ্লিষ্ট কলেজে ফরম জমা ও ফি প্রদান	আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে। কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম **Online**-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে তা জানতে পারবে। **প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন প্রার্থীই ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না। কলেজে আবেদন পত্র জমা দেয়ার পরে প্রার্থী তার মোবাইল ফোনে SMS না পেলে বুঝতে হবে যে তার আবেদন পত্র কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি। এক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে।**

৪। মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

কোটার প্রকৃতি	সংশ্লিষ্ট কলেজ/ইনসটিটিউটের অধিভুক্ত প্রতিটি কোর্সে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে কোর্সভিত্তিক আসন বন্টন	কোটার কোর্সভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজ/ইন্সটিটিউটে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না কলেজ/ ইন্সটিটিউট ভিত্তিক আসন বন্টন	কোটায় আবেদন করার শর্ত
মুক্তিযোদ্ধার সন্তান	০৩ টি	১৫ টি	সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে।
আদিবাসি	০১ টি	০৭ টি	
প্রতিবন্ধী	০১ টি	০৩ টি	
মোট	০৫ টি	২৫ টি	

৫। পোষ্য (Ward) কোটায় ভর্তি

স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সংগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য প্রার্থীকে ভর্তি নির্দেশিকার সকল শর্তপূরণ করতে হবে। **একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত বলে বিবেচিত হবে** ।

৬। ফলাফল ও মেধা তালিকা

ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে কোর্স বরাদ্দ দেয়া হবে।

খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই কোর্সে দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত ফলাফল একই হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর পর্যায়ক্রমে i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% ii) প্রয়োজন হলে SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত ফলাফল একই হয়, তা হলে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দেয়া হবে (অনুচ্ছেদ-৭ এ বর্ণিত মেধাক্রম প্রণয়ন পদ্ধতি অনুযায়ী)।

গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপ এর (প্রয়োজনে একাধিক বার) মাধ্যমে সম্পন্ন করা হবে।

ঘ) **প্রতিটি কলেজ তাদের জন্য বরাদ্দকৃত User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির কোর্সওয়ারী ফলাফল দেখতে পারবে।**

৭। ভর্তি কার্যক্রমে মেধাক্রম প্রণয়ন পদ্ধতি

ধাপ-ক

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%)	মেধাক্রম
111	5	5	2+3=5	1
112	5	4.8	2+2.88=4.88	2

ধাপ-খ

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট= SSC তে প্রাপ্ত নম্বরের এর ৪০% + HSC তে প্রাপ্ত নম্বরের ৬০%	মেধাক্রম
111	5	5	2+3=5	820	860	328+516=844	1
112	5	5	2+3=5	820	810	328+486=814	2

ধাপ-গ

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট= SSC তে প্রাপ্ত নম্বরের এর ৪০%+ HSC তে প্রাপ্ত নম্বরের ৬০%	প্রার্থীর বয়স	মেধাক্রম
111	5	5	2+3=5	820	860	328+516=844	18 Y	1
112	5	5	2+3=5	820	860	328+516=844	18 Y 2 M	2

৮। মেধা তালিকা/কোটা/রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

ফরম পূরণের ধাপসমূহ	করণীয়
লগইন (Login)	মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীকে নির্দিষ্ট ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Professional Tab-এ গিয়ে **Professional Applicant's Login** অপশনে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে **Login** করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর নাম, বরাদ্দকৃত কোর্স, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ ভর্তির আবেদন ফরম **website**-এ দেখা যাবে।
কোর্স পরিবর্তনের আবেদন	মেধা তালিকায় স্থান প্রাপ্ত কোন প্রার্থী তার কোর্স পরিবর্তন করতে চাইলে আবেদন ফরমের কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে **Yes** অপশন সিলেক্ট করতে হবে। **কোটা/রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না**।
আবেদন ফরমের প্রিন্ট	**সঠিক তথ্যসহকারে ভর্তির আবেদন ফরমটি Submit Application** অপশনে ক্লিক করলে **একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম website এ দেখা যাবে। উক্ত ফরমটির দুই কপি A4** (8.5”×11”) অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে।
সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভতি ফরম জমা	আবেদনকারীকে প্রিন্ট করা চূড়ান্ত **ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে**। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও রেজিস্ট্রেশন ফি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে ।
কোর্স পরিবর্তনের ফলাফল ও করণীয়	সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক আসন শূন্য থাকা সাপেক্ষে ও মেধা স্কোরের ভিত্তিতে প্রার্থীকে তার পছন্দক্রম অনুযায়ী কোর্স পরিবর্তন করে দেয়া হবে এবং ভর্তি সংশ্লিষ্ট **website/SMS** এর মাধ্যমে তা প্রার্থীকে জানানো হবে। প্রার্থীর কোর্স পরিবর্তন হলে নির্দিষ্ট **website** থেকে একই প্রক্রিয়ায় কোর্স পরিবর্তনের ফরম সংগ্রহ করে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। **উল্লেখ্য যে, কোন প্রার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তীত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন প্রার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সের ভর্তি বহাল থাকবে**। ▶ **কোর্স পরিবর্তনের ক্ষেত্রে প্রার্থীকে কোন ফি প্রদান করতে হবে না**।

কোটার ফলাফল	রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। যে সকল প্রার্থী ইতোমধ্যে মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হয়েছে এবং একই সংগে কোটায় নতুন কোর্স বরাদ্দ পেয়েছে সে সকল প্রার্থী কোটায় বরাদ্দকৃত কোর্সে ভর্তি হতে চাইলে তাদের পূর্বের ভর্তি বাতিল হয়ে যাবে।
ভর্তি নিশ্চয়ন	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক Online-এ মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীর ভতি নিশ্চয়ন/কোর্স পরিবর্তন হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রার্থীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। এছাড়াও প্রার্থী অনলাইনে Professional Applicant Login এর মাধ্যমে তা জানতে পারবে।

৯। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য

যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হবে না, সে সকল প্রার্থী তিনটি কলেজে আলাদাভাবে কোর্স পছন্দ নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক যে সকল প্রার্থীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি সে সকল প্রার্থী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

রিলিজ স্লিপের ধাপসমূহ	করণীয়
লগইন (Login)	**রিলিজ স্লিপে আবেদনের জন্য** প্রার্থীকে নির্দিষ্ট ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Professional Tab-এ গিয়ে Professional Applicant Login অপশনে ক্লিক করে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে প্রার্থীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে।
কলেজ ও কোর্স পছন্দক্রম নির্ধারণ	রিলিজ **স্লিপে** আবেদনের জন্য College Selection Option এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ Select করলে ঐ কলেজের কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার Eligible কোর্সের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার Eligible কোর্সর তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী **তিনটি কলেজে** পর্যায়ক্রমে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে।
আবেদন ফরম চূড়ান্তকরণ	সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, প্রাথমিক আবেদনের রোল নম্বর, কলেজের নাম ও কোর্স পছন্দক্রমসহ একটি নতুন আবেদন ফরম ওয়েবসাইটে দেখতে পাবে। উক্ত ফরমটি Download করে **A4** (8.5”×11”) অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে **তবে এটি আবেদন ফরমে উল্লিখিত কলেজসমূহে জমা দিতে হবে না বা কোন ফি প্রদান করতে হবে না**।
রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ	রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরেও কোন প্রার্থী তার আবেদন ফরমে কলেজ/কোর্সের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Professional Applicant Login** অপশনে গিয়ে প্রাথমিক আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Cancel Release Slip অপশনে** গিয়ে **Click to Generate the Security key** ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। **প্রার্থী এ সুযোগ কেবল একবারই পাবে**।
রিলিজ স্লিপের ফলাফল	রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে প্রকাশ করা হবে। রিলিজ স্লিপে আবেদনকারী প্রার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।
ভর্তি ফরম সংগ্রহ	প্রার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজে কোর্স বরাদ্দ পেলে ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) **Professional Tab**-এর **Professional Applicant’s Login** অপশনে গিয়ে ভর্তির আবেদন ফরম প্রিন্ট করবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও রেজিস্ট্রেশন ফি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ প্রার্থীকে ফেরত দিবে।

১০। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

ধাপসমূহ	করণীয়
সংশ্লিষ্ট কলেজের User ID, Password ও One Time Password (OTP) সংগ্রহ	সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর College (undergraduate) Login অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত User ID ও Password এন্ট্রি দিতে হবে এবং Application/Admission Approval (**Prof.**) অপশনের মাধ্যমে **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই OTP ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে বরাদ্দকৃত **User ID, Password** এবং **One Time Password (OTP)** বহাল থাকবে। তবে নতুন অধিভুক্ত কলেজসমূহের জন্য **User ID, Password** এবং **One Time Password (OTP)** পেতে মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেসসহ ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর আবেদন করতে হবে।

প্রাথমিক আবেদন ফরমে সঠিক তথ্য ও ছবি যাচাই	কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন** করা যাবে না। **ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**
ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ	সংশ্লিষ্ট কলেজ প্রার্থীর কাছ থেকে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করবে এবং নির্ধারিত **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** জমা রেখে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করবে। **কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না।**
প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি	নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে কলেজকে College (undergraduate) Login অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিতে হবে এবং **Application/Admission Approval (Prof.)** অপশনের এর মাধ্যমে যথাক্রমে প্রাথমিক/চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের এন্ট্রি নিশ্চিত করতে হবে। কলেজ কর্তৃক কোন প্রাথমিক/চূড়ান্ত আবেদন ফরম **নিশ্চয়ন করা না হলে সেই প্রার্থী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না**। প্রতিটি কলেজ এন্ট্রিকৃত আবেদনকারীদের তালিকা website-এ দেখতে পারবে। **যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হয়েছে এবং একই সংগে কোটায় নতুন কোর্স বরাদ্দ পেয়েছে সে সকল প্রার্থী কোটায় বরাদ্দকৃত কোর্সে ভর্তি হতে চাইলে তাদেরকে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোটার ভর্তি অনলাইনে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।**
ভর্তির প্রাথমিক আবেদন 'ফি'র নির্ধারিত অংশ "সোনালী সেবা" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে **Application Payment Info (Prof.)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তির প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

১১। চূড়ান্ত ভর্তির বিষয়ে কলেজের করণীয়

ধাপসমূহ	করণীয়
ভর্তিকৃত প্রার্থীদের তথ্য যাচাই	সংশ্লিষ্ট কলেজকে ভর্তিকৃত প্রার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার রোল, শিক্ষা বোর্ড, জি.পি.এ. ও জন্ম তারিখ প্রার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সংগে মিলিয়ে দেখতে হবে। **বিশেষ কোটায় ভর্তিকৃত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র আছে কিনা তা যাচাই করতে হবে।** কোন প্রার্থীর তথ্যগত অসংগতি বা ত্রুটিপূর্ণ ছবি পরিলক্ষিত হলে ঐ প্রার্থীর ভর্তি নিশ্চয়ন না করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে।
প্রার্থীদের অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ	সংশ্লিষ্ট কলেজকে মেধা তালিকা, রিলিজ স্লিপ ও কোটায় স্থান প্রাপ্ত প্রার্থীদের স্ব স্ব কোর্সে ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন প্রার্থীর এন্ট্রি **website-এ নিশ্চয়ন করা না হলে উক্ত প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।**
রেজিস্ট্রেশন ফি'র নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ	সংশ্লিষ্ট কলেজকে প্রার্থীদের **রেজিস্ট্রেশন** ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [১২ নং অনুচ্ছেদ অনুযায়ী] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে **Admission Payment Info (Prof.)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।

১২। চূড়ান্তভাবে ভর্তির জন্য কোর্সওয়ারী ফিসের হার

কোর্সের নাম	ফিসের ধরণ	ফিসের হার
1. Bachelor of Business Administration (BBA) 2. Bachelor of Education (BEd) 3. Bachelor of Fine Arts (BFA) 4. Apparel Manufacture and Technology (AMT) 5. Fashion Design and Technology (FDT) 6. Knitwear Manufacture and Technology (KMT)	i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি	**= ১,০০০/- (এক হাজার) টাকা** = ২০/- (বিশ) টাকা = ৫/- (পাঁচ) টাকা = ১০/- (দশ) টাকা মোট **= ১,০৩৫/- (এক হাজার পঁয়ত্রিশ) টাকা**

7. Computer Science and Engineering (CSE) 8. Electronics and Communication Engineering (ECE) 9.Tourism and Hospitality Management (THM) 10. Theatre and Media Studies (TMS)	i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি	**= ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা** = ২০/- (বিশ) টাকা = ৫/- (পাঁচ) টাকা = ১০/- (দশ) টাকা মোট **= ১,৫৩৫/- (এক হাজার পাঁচশত পঁয়ত্রিশ) টাকা**
11. BBA in Aviation Management 12. BSc in Aeronautical and Aviation Science	i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি	**= ১৫,০০০/- (পনের হাজার) টাকা** = ২০/- (বিশ) টাকা = ৫/- (পাঁচ) টাকা = ১০/- (দশ) টাকা মোট **= ১৫,০৩৫/- (পনের হাজার পঁয়ত্রিশ) টাকা**
	শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি	**= ৭০০/- (সাতশত) টাকা**

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডীন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন : ৯২৯১০৬৮, ৯২৯২০৮৪
ই-মেইল-deanug@nubd.info

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ